

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মুরজিয়া মতবাদ, নেক আমল, মুজিযা-কারামত, আখিরাত, ঈমান-ইসলাম ও অন্যান্য প্রসঙ্গ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. নেক কর্ম বাতিল হওয়ার কারণাদি

ইমাম আযম নেক আমল বাতিল হওয়ার কারণাদি উল্লেখ করে বলেছেন: "সকল বিনষ্টকারী ত্রুটি থেকে মুক্ত থেকে কোনো নেক কর্ম করবে এবং কুফর বা ধর্মত্যাগ দ্বারা বা অশোভন আচরণ দ্বারা তার নেককর্মটি বিনষ্ট করবে না ...।" এখানে তিনি কুফর ও ধর্মত্যাগের কথা উল্লেখ করেছেন। কোনো কোনো পাভুলিপিতে "অশোভন আচরণ" কথাটিও বিদ্যমান। পরবর্তীতে তিনি রিয়া ও উজবের কথা উল্লেখ করেছেন। "আল-আলিম ওয়াল মুতাআল্লিম" গ্রন্থে তিনি বলেন:

وَأُمَّا الْحَسَنَاتُ فَإِنَّهُ لاَ يَهْدِمُهَا شَيْءٌ غَيْرُ ثَلاَثِ خِصَالٍ. أَمَّا الْوَاحِدُ فَالشِّرْكُ بِاللهِ؛ لأَنَّ اللهَ تَعَالَى قَالَ: "وَمَنْ يَكْفُرْ بِالإِيمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهُ". وَالأُخْرَى أَنْ يَعْمَلَ الإِنْسَانُ فَيُعْتِقَ نَسَماً أَنْ يَصِلَ رَحِماً أَنْ يَتَصَدَّقَ بِمَالٍ يُرِيْدُ بِهَذَا كُلِّهِ بِالإِيمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهُ". وَالأُخْرَى أَنْ يَعْمَلَ الإِنْسَانُ فَيُعْتِقَ نَسَماً أَنْ يَكُنُ الْمَعْرُوفُ مِنْهُ إِلَيْهِ: أَلَمْ أُعْتِقْ وَجُهَ اللهِ. ثُمَّ إِذَا غَضِبَ أَنْ قَالَ فِيْ غَيْرِ الْغَضَب امْتِنَاناً عَلَى صَاحِبِهِ الَّذِيْ كَانَ الْمَعْرُوفُ مِنْهُ إِلَيْهِ: أَلَمْ أُعْتِقْ وَجَلَّ: "لاَ رَقَبَتَكَ؟ أَنْ يَقُولُ لِمَنْ وَصَلَهُ: أَلَمْ أُصِلِكَ؟ وَفِيْ أَشْبَاهِ هَذَا يَضْرِبُ بِهِ عَلَى رَأْسِهِ. وَلِذَلِكَ قَالَ اللهُ عَزَّ وَجَلَّ: "لاَ تُبْطِلُوا صَدَقَاتِكُمْ بِالْمَنِ وَالأَذَى". وَالثَّالِثَةُ مَا كَانَ مِنْ عَمَلٍ يُرَائِيْ بِهِ النَّاسَ، فَإِنَّ ذَلِكَ الْعَمَلَ الصَّالِحَ الَّذِيْ رَاءَى بِهِ لاَ يَتَقَبَّلُهُ اللهُ مِنْهُ. فَمَا كَانَ سِوَى هَذَا مِنَ السَّيِّئَاتِ فَإِنَّهُ لاَ يَهْدِمُ الْحَسَنَاتِ.

"নেক কর্ম বিনষ্ট করে মাত্র তিনটি বিষয়। প্রথম বিষয়: আল্লাহর সাথে শিরক করা; কারণ মহান আল্লাহ বলেছেন: "আর যে ব্যক্তি ঈমানের সাথে কুফরী করবে তার কর্ম বিনষ্ট হবে।"[1] নেক আমল বিনষ্টকারী দ্বিতীয় বিষয় (খোঁটা বা কষ্ট দেওয়া, তা) এই যে, মানুষ কোনো নেক আমল করল, যেমন একজন ক্রীতদাসকে মুক্ত করল, কোনো আত্মীয়কে সহযোগিতা করল অথবা কিছু সম্পদ দান করল। এ সকল কর্ম সে একান্তই আল্লাহর সম্ভিষ্টির জন্য করল। এরপর যখন সে ক্রোধান্বিত হলো- অথবা ক্রোধ ছাড়াই- সে খোঁটা দিয়ে সংশ্লিষ্ট ব্যক্তিকে বলল: আমি কি তোমাকে মুক্ত করি নি? আমি কি তোমাকে সাহায্য করি নি? অথবা এরূপ কোনো কথা দিয়ে তার মাথায় আঘাত করল। এজন্য এ বিষয়ে মহান আল্লাহ বলেছেন: "তোমরা খোঁটা দিয়ে ও কষ্ট দিয়ে তোমাদের দান-কল্যাণকর্মগুলো বাতিল করো না।"[2] নেক আমল বিনষ্ট করার তৃতীয় বিষয় রিয়া বা মানুষের দেখানোর জন্য কর্ম করা। যে নেক কর্ম মানুষের দেখানোর জন্য করা হয় তা আল্লাহ কবুল করেন না। এ ছাড়া যত পাপ তা নেক কর্ম বিনষ্ট করে না।"[3]

আমরা এখানে এ বিষয়গুলো সংক্ষেপে আলোচনা করব। মহান আল্লাহর কাছে তাওফীক ও কবুলিয়্যাত প্রার্থনা করছি।

ফটনোট



- [1] সূরা (৫) মায়িদা: ৫ আয়াত।
- [2] সূরা (২) বাকারা: ২৬৪ আয়াত।
- [3] ইমাম আবূ হানীফা, আল-আলিম ওয়াল মুতাআল্লিম, পৃ. ৩২।
- Source https://www.hadithbd.com/books/link/?id=7229

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন